



১০ জ্যৈষ্ঠ ১৪২৭
২৪ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এ উপলক্ষ্যে তিনি সকলের অনাবিল সুখ, শান্তি, আনন্দ, সমৃদ্ধি ও মঙ্গল কামনা করেন।

আজ ২৪ মে ২০২০ রবিবার এক শুভেচ্ছা বাণীতে উপাচার্য বলেন, পবিত্র ঈদ-উল-ফিতর ধনী-গরীব নির্বিশেষে সকলের জীবনে সৌহার্দ, সহমর্মিতা, সহনশীলতা ও আত্মত্বের বারতা নিয়ে আসে। সব ভেদাভেদ ভুলে সকলে এই দিনে সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে মিলিত হয়। ঈদ-উল-ফিতর সকলের মাঝে আত্মশুদ্ধি, উদারতা, নৈতিকতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করে বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঈদ-উল-ফিতরের এই পবিত্র দিনে করোনা ভাইরাস (COVID-19 Pandemic) উদ্ভূত দুর্যোগময় পরিস্থিতি কাটিয়ে উঠতে আমাদের ধৈর্য, সাহস ও শক্তি প্রদানের জন্য মহান সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করেন। তিনি করোনা ভাইরাস-এ আক্রান্ত হয়ে যারা মৃত্যুবরণ করেছেন তাঁদের আত্মার মাগফেরাত/শান্তি কামনা করেন এবং তাঁদের পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। এছাড়া, যারা COVID-19-সহ অন্যান্য রোগে রোগাক্রান্ত আছেন, উপাচার্য তাঁদের সুস্থতা ও আরোগ্য কামনা করেন। তিনি করোনা ভাইরাস সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সামাজিক দূরত্ব বজায় রেখে বিশ্বস্বাস্থ্য সংস্থা ও সরকার নির্দেশিত পরামর্শ এবং স্বাস্থ্যবিধি মেনে ঈদের নামাজ আদায় ও ঈদ উদ্‌যাপনের জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যসহ সকলের প্রতি অনুরোধ জানান।

(মাহমুদ আলম)

পরিচালক

জনসংযোগ দফতর

ঢাকা বিশ্ববিদ্যালয়